

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৩, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ১১ ফাল্গুন ১৪১৮ বঙ্গাব্দ / ২৩ ফেব্রুয়ারি ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-৫৪-আইন/২০১২/২৩৭৯-শুক্—Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219, section 192A হইতে section 192J এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিঃরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা শুক্ (বিকল্প বিরোধ নিষ্পত্তি) বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা জাতীয় রাজস্ব বোর্ড Customs Act, 1969 (Act IV of 1969) এর section 192B অনুযায়ী কার্যকর করিবার জন্য সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ ও যে শুক্ তবন অথবা শুক্ স্টেশন অথবা কমিশনারেট নির্ধারণ করা হইবে সেই তারিখ ও সেই শুক্ তবন অথবা শুক্ স্টেশন অথবা কমিশনারেটে উহা কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) ‘আইন’ অর্থ Customs Act, 1969 (Act IV of 1969);

(১১৭৭)
মূল্য় ৪ টাকা ৬.০০

- (খ) ‘আমদানিকারক বা রঞ্জনিকারক’ অর্থ যে কোন স্বাভাবিক অথবা কৃত্রিম ব্যক্তি সভা (Juristic Person), যাহার শুল্ক কর্তৃপক্ষ অথবা কমিশনার (আপীল) অথবা রিভিউ কমিটি অথবা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল অথবা সুপ্রীম কোর্টের নিকট Customs Act, 1969 এর section 192C-তে বর্ণিত কোন বিরোধ (dispute) নিষ্পত্তিধীন রহিয়াছে;
- (গ) ‘শুল্ককর’ অর্থ Customs Act, 1969 (Act IV of 1969) এ বর্ণিত আমদানী শুল্ক, সম্পূরক শুল্ক বা মূল্য সংযোজন কর;
- (ঘ) “বিভাগীয় প্রতিনিধি” অর্থ বিধি ১০ এর অধীন তালিকাভুক্ত কোন কর্মকর্তা;
- (ঙ) ‘বিরোধীয় মূল্য বা বিষয়’ অর্থ যে পরিমাণ শুল্ক মূল্য বিষয়ে আমদানীকারক বা রঞ্জনীকারক ও সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের মধ্যে বিরোধ সৃষ্টি হইয়াছে;
- (চ) ‘বোর্ড’ অর্থ জাতীয় রাজস্ব বোর্ড;
- (ছ) ‘সার্ভিস চার্জ’ অর্থ বিধি ১১ এর অধীন মূল্যমান অনুসারে নির্ধারিত সহায়তাকারীকে প্রদানের লক্ষ্যে সার্ভিস চার্জ;
- (জ) ‘ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা’ অর্থ বিকল্প বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট কমিশনারেটের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা;
- (ঝ) ‘সংশ্লিষ্ট কর্তৃপক্ষ’ অর্থ কাস্টমস হাউজ বা শুল্ক কমিশনারেট।

৩। বিকল্প বিরোধ নিষ্পত্তির পদ্ধতি—(১) কাস্টমস হাউস বা শুল্ক কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনালে নিষ্পত্তিধীন section 192C এর অধীন কোন বিরোধ নিষ্পত্তি করিতে চাহিলে সংশ্লিষ্ট আমদানিকারক বা রঞ্জনিকারককে বিধি ১১ এ উল্লিখিত মূল্যমান অনুসারে সার্ভিস চার্জ নির্ধারিত পে-অর্ডারের মাধ্যমে ফরম-১ এ যথাক্রমে দুই সেট এবং তিন সেটে বোর্ড কর্তৃক নির্ধারিত কর্মকর্তা বা কর্তৃপক্ষ, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনালের মাধ্যমে সহায়তাকারীর নিকট আবেদন করিতে হইবে এবং প্রতিটি আবেদনপত্রের সাথে ৫০০ টাকা মূল্যমানের ষ্ট্যাম্প প্রদান করিতে হইবে।

(২) বিভাগীয় মূল্যমান ১,০০,০০০ (এক লক্ষ) টাকার কম হইলে এই বিধিমালার আওতায় বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য কোন আবেদন করা যাইবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর কাস্টমস হাউজ বা শুল্ক কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনাল ফরম-২ অনুযায়ী প্রস্ততকৃত রেজিস্টারে আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির বিবরণসমূহ অন্তর্ভুক্ত করিবেন।

(৪) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর বিধি ৫ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে ০১ (এক) কার্যদিবসের মধ্যে আবেদনকারীর পক্ষে একজন সহায়তাকারী এবং বিধি ১০ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে শুল্ক বিভাগের একজন বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন প্রদান করিবেন এবং উক্ত মনোনয়নের বিষয়ে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে সহায়তাকারী, আবেদনকারী এবং বিভাগীয় প্রতিনিধিকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৫) আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনাল উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন নিষ্পত্তির জন্য বিধি ৫ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে আবেদনকারীর পক্ষে একজন সহায়তাকারীকে মনোনয়ন প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট কাস্টমস হাউজ বা শুল্ক কমিশনারেটের মন্তব্য ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নথি এবং একজন বিভাগীয় প্রতিনিধি মনোনয়নপূর্বক ০২ (দুই) কার্যদিবসের মধ্যে উক্ত আপিলাত ট্রাইবুনাল, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেটে প্রেরণের অনুরোধসহ আবেদনপত্রে এক সেট সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা শুল্ক কমিশনারেটে প্রেরণ করিবেন।

(৬) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ০৪ (চার) কার্যদিবসের মধ্যে এবং আপিলাত কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত ট্রাইবুনাল সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা শুল্ক কমিশনারেটের নিকট হইতে মন্তব্যসহ নথি প্রাপ্তির ০৮ (আট) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট নথি, প্রয়োজনীয় কাগজপত্র এবং বিভাগীয় প্রতিনিধিসহ মনোনীত সহায়তাকারীর নিকট প্রেরণ করিবেন এবং তদর্মে আবেদনকারী, সহায়তাকারী ও বিভাগীয় প্রতিনিধিকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন আবেদনপত্রসহ সংশ্লিষ্ট নথি প্রাপ্তির পর মনোনীত সহায়তাকারী ০৩ (তিনি) কার্যদিবসের মধ্যে আবেদনে উল্লিখিত বিরোধীয় বিষয়টি section 192C এর অধীন নিষ্পত্তিযোগ্য কিনা তাহা প্রাথমিকভাবে যাচাই-বাছাই করিবেন এবং উক্ত আবেদন section 192C এর অধীন নিষ্পত্তিযোগ্য হইলে উক্ত আবেদন section 192A হইতে 192K এ বর্ণিত বিধান ও এই বিধিমালা অনুযায়ী আইনে নির্ধারিত অবশিষ্ট মেয়াদের মধ্যে নিষ্পত্তি করিবেন।

(৮) উপ-বিধি (৭) এর অধীন আবেদনপত্র যাচাই-বাছাইক্রমে যদি এই মর্মে প্রতীয়মান হয় যে, আবেদনে উল্লিখিত বিরোধীয় বিষয় section 192C এর অধীন নিষ্পত্তিযোগ্য নহে তাহা হইলে মনোনীত সহায়তাকারী আবেদনপত্রটি সার্ভিস চার্জের পে-অর্ডারসহ পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে ফেরত প্রদান করিবেন।

(৯) section 192C এর আওতাধীন কোন বিরোধ রীট পিটিশন বা আপীল হিসাবে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগে বিচারাধীন থাকিলে section 192E এর বিধান অনুযায়ী ও এই বিধিমালার প্রযোজ্য বিধান অনুযায়ী নিষ্পত্তি করিতে হইবে।

৪। সহায়তাকারীর বিরুদ্ধে আপত্তি—(১) বিকল্প বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে বিধি ৩ এর উপ-বিধি (৪) ও (৫) এর অধীন মনোনীত কোন সহায়তাকারীর বিরুদ্ধে আবেদনকারী অথবা সংশ্লিষ্ট শুল্ক বিভাগের বিভাগীয় প্রতিনিধির যুক্তিসঙ্গত অভিযোগ বা আপত্তি থাকিলে তদমর্মে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর লিখিতভাবে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত অভিযোগ বা আপত্তি জাতীয় রাজস্ব বোর্ড ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তদন্তপূর্বক প্রয়োজনবোধে, উক্ত সহায়তাকারীকে পরিবর্তন করিতে অথবা তালিকা হইতে বাদ দিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন সহায়তাকারী পরিবর্তন করা হইলে সহায়তাকারীর তালিকা হইতে অন্য একজনকে সহায়তাকারী হিসাবে মনোনয়ন প্রদান করিতে হইবে।

(৪) সহায়তাকারী পরিবর্তন অথবা পুনঃ মনোনয়নের কারণে ব্যয়িত সময় বিরোধ নিষ্পত্তির জন্য আইনে নির্ধারিত সময়সীমা হতে বাদ যাইবে না।

৫। সহায়তাকারীর (**Facilitator**) যোগ্যতা, নিয়োগ এবং তালিকা—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, ফেডারেশন চেম্বারের সাথে আলোচনাক্রমে নির্বর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিগণের সমন্বয়ে সহায়তাকারীর একটি তালিকা প্রস্তুত করিবে, যথাঃ—

(ক) শুল্ক বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ যুগ্ম কমিশনারের নিতে নহেন এইরূপ অবসরপ্রাপ্ত কোন শুল্ক কর্মকর্তা;

(খ) অতিরিক্ত জেলা জজ এর নিতে নহেন এইরূপ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের অবসরপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(গ) শুল্ক বিষয়ে অন্যন্য সাত (৭) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবী বা চার্টার্ড একাউন্টেন্ট;

(ঘ) উপ-সচিবের নিতে নহে এইরূপ আইন ও লেজিসলেটিভ বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ অবসরপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঙ) শুল্ক বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ কোন ব্যবসায়ী।

(২) বোর্ড ফেডারেশন চেম্বারের সাথে আলোচনাক্রমে, প্রতি ছয় মাস পর পর সহায়তাকারীগণের প্রত্যেকের কর্মতৎপরতা পর্যালোচনাপূর্বক উপ-বিধি (১) এর অধীন প্রস্তুতকৃত তালিকা সংশোধন করিতে পারিবে।

৬। সহায়তাকারীর দায়িত্ব ও কর্তব্য।—(১) সহায়তাকারী, আবেদনকারী ও বিভাগীয় প্রতিনিধির সাথে আলোচনাক্রমে বিবেচ্য বিরোধের—

- (ক) নিষ্পত্তির বা সিদ্ধান্তের বিষয়বস্তু (Issues for Resolution) নির্ধারণ করিবেন;
- (খ) বিকল্প বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ায় অনুসৃতব্য পদ্ধতি, কৌশল বা কাঠামো নির্ধারণ করিবেন;
- (গ) বিকল্প বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে অনুষ্ঠিতব্য আলোচনা সভার স্থান, তারিখ ও সময় নির্ধারণ করিবেন ;এবং
- (ঘ) উভয় পক্ষকে সময় উল্লেখসহ প্রয়োজনীয় দলিলাদি দাখিল করিবার জন্য লিখিতভাবে অবহিত করিবেন।

(২) সহায়তাকারী প্রয়োজনবোধে আবেদনকারী এবং বিভাগীয় প্রতিনিধিকে বিরোধীয় বিষয়ে আইনানুগ নিষ্পত্তির লক্ষ্যে পৌঁছাইতে উভয় পক্ষের মধ্যে মধ্যস্থতা করিতে পারিবেন।

(৩) বিকল্প বিরোধ নিষ্পত্তি চলমান থাকা অবস্থায় আবেদনকারী, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, আইনসংগত বা যুক্তিসংগত কারণ ব্যতীত বিকল্প বিরোধ নিষ্পত্তিতে অসহযোগিতা (cognizable non-cooperation) করিলে বা নির্ধারিত তারিখে হাজির হইতে ব্যর্থ হইলে কিংবা আইনসংগত নির্দেশ পালনে ব্যর্থ হইলে, সহায়তাকারী কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চলমান বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া বাতিল করিতে পারিবেন।

(৪) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় বিরোধীয় বিষয়ে উভয়পক্ষের মধ্যে মতেক্যের ভিত্তিতে (by agreement) সিদ্ধান্ত হইলে, সহায়তাকারী ফরম-৩ এ মতেক্যের শর্তসমূহ (Terms of Agreement) লিপিবদ্ধ করিবেন এবং সহায়তাকারীসহ উভয়পক্ষ উক্তরূপ লিপিবদ্ধকৃত সিদ্ধান্তে স্বাক্ষর করিবেন।

(৫) বিরোধীয় বিষয় সম্পর্কে উভয়পক্ষের মধ্যে মতেক্য না হইলে সহায়তাকারী উহার কারণসমূহ ফরম-৩ এ লিপিবদ্ধ করিবেন এবং উভয়পক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক উক্ত ফরম-৩ সহ বিরোধীয় বিষয়টি সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনালে নিষ্পত্তির তারিখ হইতে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে ফেরত প্রদান করিবেন।

(৬) উভয়পক্ষের মধ্যে মনেক্ষের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সহায়তাকারী বিরোধ নিষ্পত্তির ভিত্তিতে পাওনা অর্থ আদায়, পরিশোধ এবং ফেরত প্রদানের সময় ও পদ্ধতি নির্ধারণ করিবেন।

৭। সহায়তাকারীর আচরণ বিধি।—সহায়তাকারীর আচরণ বিধি হইবে নিচৰূপ, যথা :—

- (ক) সহায়তাকারী সততা ও বিশ্বস্ততার সহিত দায়িত্ব পালন করিবেন;
- (খ) বিকল্প বিরোধ নিষ্পত্তিকালে সহায়তাকারী স্বাধীন ও নিরপেক্ষভাবে কার্যসম্পাদন করিবেন;
- (গ) সহায়তাকারী আবেদন বর্ধিত কোন বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন না;
- (ঘ) সহায়তাকারী বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় মনেক্ষে প্রতিষ্ঠার লক্ষ্যে আবেদনকারী বিভাগীয় প্রতিনিধিকে সহায়তা করিবেন;
- (ঙ) সহায়তাকারী উভয়পক্ষের সম্মতিতে বিরোধীয় বিষয়ে কারিগরী বা পেশাগত জ্ঞান রহিয়াছে এইরূপ কোন ব্যক্তির সহায়তা বা পরামর্শ গ্রহণ করিতে পারিবেন ;
- (চ) সহায়তাকারী অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে বিরোধসমূহ নিষ্পত্তি করিবেন ;
- (ছ) গোপনীয়তা (Confidentiality) :—
 - (১) বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় সহায়তাকারীর নিকট কোন পক্ষ কর্তৃক প্রকাশিত তথ্য সহায়তাকারী গোপন রাখিবেন এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের অনুমতি ব্যতীত উভয়রূপ সরবরাহকৃত তথ্য প্রকাশ করিতে পারিবেন না;
 - (২) বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ার আওতায় সকল কার্যক্রম, দলিলাদি ও ফলাফল গোপন রাখিতে হইবে, তবে কেবলমাত্র অন্য কোন আইনের অধীনে অথবা উভয়পক্ষের সম্মতিতে এতদ্ব্যাপকভাবে উভয় পক্ষকে বিরোধীয় বিষয়টি ফেরত প্রদান করিবেন এবং তাৎক্ষণিকভাবে উহা সংশ্লিষ্ট পক্ষকেও লিখিতভাবে অবহিত করিবেন।

৮। স্বার্থের দ্বন্দ্ব (Conflict of Interest)।—(১) সহায়তাকারী তাহার নিকট কোন বিকল্প বিরোধ প্রক্রিয়া নিষ্পত্তিগ্রাহীন থাকা অবস্থায় ন্যায় বিচার প্রভাবিত হইতে পারে বলিয়া মনে করিলে অথবা তিনি কোন বিরোধ নিষ্পত্তি করিতে ইচ্ছুক না হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিরোধীয় বিষয়টি ফেরত প্রদান করিবেন এবং তাৎক্ষণিকভাবে উহা সংশ্লিষ্ট পক্ষকেও লিখিতভাবে অবহিত করিবেন।

(২) বিরোধীয় বিষয়ে মনোনীত সহায়তাকারীর নিকট যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট বিরোধীয় বিষয়ে তাহার স্বার্থ জড়িত রহিয়াছে অথবা বিরোধ নিষ্পত্তিতে নিরপেক্ষতা ক্ষুণ্ণ হইতে পারে, সেক্ষেত্রে সহায়তাকারী তাহার মনোনয়নে অস্বীকৃতি জ্ঞাপন করিবেন এবং লিখিতভাবে জাতীয় রাজস্ব বোর্ড ও আবেদনকারীকে অবহিত করিবেন।

(৩) কোন বিরোধের ক্ষেত্রে বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া শুরু হইবার পর সহায়তাকারীর অনুরোধের প্রেক্ষিতে অথবা উভয়পক্ষের সম্মতিতে জাতীয় রাজস্ব বোর্ড সহায়তাকারীকে প্রত্যাহার এবং নৃতন সহায়তাকারী নিয়োগের ব্যবস্থা করিবেন।

৯। বিকল্প বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে আবেদনকারীর অধিকার ও দায়িত্ব।—(১) আবেদনকারী বিকল্প বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে মনোনীত বিভাগীয় প্রতিনিধির সহিত এতদুদ্দেশ্যে নিয়োগপ্রাপ্ত সহায়তাকারীর (Facilitator) তত্ত্বাবধানে, বিরোধীয় বিষয়ে স্বাধীনভাবে সমরোতা আলোচনা করিতে পারিবেন।

(২) বিরোধ নিষ্পত্তির উদ্দেশ্যে বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ায় আবেদনকারী স্বয়ং অথবা তদ্কর্তৃক মনোনীত কোন পেশাদার উপদেষ্টা অংশগ্রহণ করিতে পারিবেন।

(৩) আবেদনকারী যদি মিথ্যা ঘোষণা, মিথ্যা তথ্য বা মিথ্যা দলিলাদি উপস্থাপনের মাধ্যমে বিকল্প বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ায় মনেক্ষে ভিত্তিতে (by agreement) তাহার সপক্ষে কোন আদেশ বা সিদ্ধান্ত প্রাপ্ত হইয়াছেন মর্মে পরবর্তীতে উদ্যাচিত হইলে, উক্ত আদেশ বা সিদ্ধান্ত বাতিল বলিয়া গণ্য হইবে এবং তাহার বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১০। শুল্ক বিভাগের বিভাগীয় প্রতিনিধিত্বকারী কর্মকর্তা।—(১) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় শুল্ক বিভাগের প্রতিনিধিত্ব করিবার জন্য সংশ্লিষ্ট কমিশনারগণের সাথে পরামর্শক্রমে বোর্ড বিভাগীয় প্রতিনিধির একটি তালিকা প্রণয়ন করিবে এবং প্রতি ৬ (ছয়) মাস পর পর উক্ত তালিকাভুক্ত কর্মকর্তাগণের কর্মতৎপরতা পর্যালোচনাপূর্বক উক্ত তালিকা সংশোধন করিতে পারিবে।

(২) বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রতিনিধি, সহায়তাকারীর তত্ত্বাবধানে, আবেদনকারীর সাথে সমরোতা আলোচনা করার ক্ষেত্রে সম্পূর্ণ স্বাধীন ও নিরপেক্ষ থাকিবেন এবং বিরোধীয় বিষয়ের উপর প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণপূর্বক পেশাদারী ও সমরোতার মনোভাব নিয়া দায়িত্বশীলতার সাথে বিকল্প বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ার সমরোতা আলোচনায় অংশগ্রহণ করিবেন।

১১। সহায়তাকারীর সার্ভিস চার্জ ।—(১) আইন ও এই বিধিমালার আওতাধীন কোন বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মনোনীত সহায়তাকারীকে নির্বর্ণিত টেবিলে উল্লিখিত হারে বিরোধীয় মূল্য বা বিষয়ের উপর সার্ভিস চার্জ প্রদান করিতে হইবে, যথাঃ—

টেবিল

ক্র/নং	বিরোধীয় মূল্য/বিষয়	ফি এর ভিত্তি/ হার/ পরিমাণ
১	বিরোধীয় মূল্য/বিষয়- টাকা ১,০০,০০০/- (এক লক্ষ) হইতে দুই (২) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্যের ৫%
২	বিরোধীয় মূল্য/বিষয়- টাকা ২,০০,০০০/- (দুই লক্ষ) এর অতিরিক্ত হইতে পাঁচ (৫) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্যের ৮%
৩	বিরোধীয় মূল্য/বিষয় টাকা ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) এর অতিরিক্ত হইতে দশ (১০) লক্ষ টাকা টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্যের ৩%
৪	বিরোধীয় মূল্য /বিষয়- টাকা ১০,০০,০০০/- (দশ লক্ষ) এর অতিরিক্ত হইতে পাঁচিশ (২৫) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্যের ২.৫০%
৫	বিরোধীয় মূল্য/বিষয়-টাকা ২৫,০০,০০০/- (পাঁচিশ লক্ষ) এর উর্ধ্বে হইলে	বিরোধীয় মূল্যের ২%

(২) উপ-বিধি (১) এ বর্ণিত সার্ভিস চার্জের ৫০% সরকার বা সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা এবং ৫০% আবেদনকারী প্রদান করিবেন।

(৩) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া ও এতদ্ব্যতোন সকল কার্যক্রম সম্পন্ন হইবার পর ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সহায়তাকারীকে এই বিধি অনুযায়ী সার্ভিস চার্জ প্রদান করা হইবে।

১২। বিকল্প বিরোধ নিষ্পত্তির পদ্ধতির বিষয়ে প্রশিক্ষণ ।—বোর্ড বিকল্প বিরোধ নিষ্পত্তির পদ্ধতি কার্যকর করিবার লক্ষ্যে বিধি ৫ এর অধীন তালিকাভুক্ত মনোনীত সহায়তাকারী, শুল্ক কর্মকর্তা, সংশ্লিষ্ট আমদানিকারক বা রাষ্ট্রানিকারকসহ সংশ্লিষ্ট সকলকে এই বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিবে।

ফরম-১

জাতীয় রাজস্ব বোর্ড

[বিধি ৩(১) দ্রষ্টব্য]

The Customs Act, 1969 এর Section 192 C-তে বর্ণিত বিরোধ উক্ত Act এর Section 192A হইতে Section 192J এবং এই বিধিমালার আওতায় নিষ্পত্তিকল্পে সহায়তাকারীর নিকট আবেদন করার ফরম :

- ১। (ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
(খ) আবেদনকারীর TIN, BIN, IRC, ফোন নম্বর :
- ২। (ক) আবেদনে বর্ণিত বিরোধের প্রকৃতি ও বর্তমান অবস্থা : শুল্ক মূল্য সংক্রান্ত/মূসক মূল্য সংক্রান্ত/ন্যায় নির্ণয়াধীন/আপীলাধীন/রীট মামলাধীন।
(খ) বিরোধীয় (disputed) বিষয় সংশ্লিষ্ট শুল্ক স্টেশন/দণ্ডরের নাম, ঠিকানা :
- ৩। বিরোধীয় (disputed) পণ্যের নাম, বিবরণ, পরিমাণ :
- ৪। বিরোধ সংক্রান্ত বিল অব এন্ট্রি/নথি/আদেশ নম্বর ও তারিখ :
- ৫। বিরোধীয় (disputed) মূল্য বা জরিমানার বা রিফান্ডের পরিমাণ :
- ৬। বিরোধীয় (disputed) বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ :
- ৭। বিরোধের সমর্থনে প্রাসঙ্গিক দলিলাদির নাম ও বিবরণ এবং সংযুক্ত :

আবেদনকারীর

স্বাক্ষর :

নাম :

পদবী :

তারিখ :

ফরম-২

[বিধি ৩(৩) দ্রষ্টব্য]

বিকল্প বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত এই বিধিমালার আওতায় প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ/প্রাপ্তি ও নিষ্পত্তি তথ্য সংরক্ষণ সংক্রান্ত রেজিস্টার।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
ক্রমিক নং	আবেদনকারীর নাম, ঠিকানা, টিন নম্বর, আইআরসি নম্বর, ফোন নম্বর ও এতৎসংক্রান্ত নথি নম্বর	আবেদন পত্র প্রাপ্তির তারিখ	আবেদনে বর্ণিত বিরোধীয় বিষয়	বিরোধীয় বিষয়টি অন্য দণ্ডের সংশ্লিষ্ট হইলে আবেদন পত্রের উপর মতামত, নথি ও বিভাগীয় প্রতিনিধি প্রেরণের লক্ষ্য আবেদন পত্র সংশ্লিষ্ট দণ্ডের প্রেরণের তারিখ ও প্রেরণ পদ্ধতি	কলাম-৫ এ বর্ণিত দণ্ডের হইতে প্রাপ্ত মতামত নথি, প্রতিনিধি প্রাপ্তির তারিখ	পক্ষসমূহে র মধ্যে আলোচনা অনুষ্ঠানের তারিখ/ তারিখসমূহ	চূড়ান্ত নিষ্পত্তির তারিখ	নিষ্পত্তির ফলাফলট ইতিবাচক/ নেতৃত্বাচক	মন্তব্য

[বিধি ৬ এর উপবিধি (৪) ও (৫) দ্রষ্টব্য]

বিকল্প বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত শুল্ক (Customs Act, 1969 এর Section 192A to 192) এই বিধিমালার অধীন দাখিলকৃত আবেদনপত্রের নিষ্পত্তি সংক্রান্ত প্রসিডিংস :

- ১। আবেদনকারীর নাম, ঠিকানা :
- ২। আবেদনপত্র প্রাপ্তির তারিখ :
- ৩। আবেদনে বর্ণিত বিরোধের প্রকৃতি ও বর্তমান অবস্থা :
- ৪। বিরোধীয় পণ্য/সেবার নাম, বিবরণ, পরিমাণ :
- ৫। বিরোধীয় মূল্য/জরিমানা/রিফাউন্ড/শুল্ক কর এর পরিমাণ :
- ৬। বিরোধীয় বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ :
- ৭। বিরোধীয় বিষয় সংশ্লিষ্ট বি/ ই নথি/ আদেশ নথর ও তারিখ :
- ৮। সহায়তাকারীর নাম, পদবী, ঠিকানা :
- ৯। বিরোধীয় পক্ষগণের সাথে আলোচনা করে সহায়তাকারী কর্তৃক বিরোধীয় বিষয়ে নিবন্ধিত বিবেচ্য বিষয়সমূহ :
- ১০। বিরোধীয় পক্ষগণের মধ্যে অনুষ্ঠিত আলোচনার স্থান ও তারিখ :
- ১১। অনুষ্ঠিত আলোচনায় কৃত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত :
- ১২। সিদ্ধান্ত গ্রহণের তারিখ, সময়, স্থান :
- ১৩। সিদ্ধান্তের প্রকৃতি : নিষ্পত্তি অথবা অনিষ্পত্তি :
- ১৪। সহায়তাকারীসহ পক্ষগণের স্বাক্ষর, নাম, পদবী, তারিখ :

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ড. নাসিরউদ্দিন আহমেদ

চেয়ারম্যান।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ দেলোয়ার হোসাইন (উপ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd